

## ভাইব্রেন্ট এখন বসুন্ধরা সিটিতে

- A Monitor Desk Report

Date: 25 May, 2025



ঢাকাঃ গ্রাহকদের চাহিদা ও ব্যবসা সম্প্রসারণের ধারাবাহিকতায় ইউএস-বাংলা গ্রুপের অন্যতম প্রতিষ্ঠান ভাইব্রেন্ট এখন ঢাকার অন্যতম ব্যবসায়িক কেন্দ্র বসুন্ধরা সিটিতে।

শনিবার (২৪ মে) বসুন্ধরা সিটির ৭ম তলায় আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন সেলস্ সেন্টারটি উদ্বোধন করা হয়। আনুষ্ঠানিকভাবে ফিতা কেটে উদ্বোধন করেন ভাইব্রেন্টের চিফ অপারেটিং অফিসার শেখ তানভীর তাপস।

এছাড়া আরও উপস্থিত ছিলেন ইউএস-বাংলা এয়ারলাইন্সের জেনারেল ম্যানেজার-পাবলিক রিলেশনস্ মোঃ কামরুল ইসলামসহ ইউএস-বাংলা গ্রুপের অন্যান্য কর্মকর্তারা।

নতুন শো-রুমের উদ্বোধন উপলক্ষে আগামী ২৬ মে পর্যন্ত যে কোনো পণ্যে ২০ শতাংশ ছাড় দেয়া হয়েছে।

যাত্রা শুরুর পর থেকে পরিকল্পনা অনুযায়ী এগিয়ে চলেছে ভাইব্রেন্ট। এর কার্যক্রমে গতিশীলতার লক্ষ্যে ধারাবাহিকভাবে প্রত্যেকটি জেলা শহরে এমনকি উপজেলা পর্যন্ত ভাইব্রেন্টের বিস্তার ঘটানোর পরিকল্পনা রয়েছে। কম মূল্যে আধুনিকতার ছোঁয়া দিতেই ভাইব্রেন্টের পণ্যসামগ্রী দেশব্যাপী ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।

গ্রাহকদের সুবিধার্থে প্রত্যেকটি শো-রুমেই ক্যাশ ক্রয় ছাড়াও ভিসা ও মাস্টার কার্ড গ্রহণ করা হয়।

-B